

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৪টি প্রতিষ্ঠানকে ১.৯৯ লক্ষ টাকা জরিমানা

২৮ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, কক্সবাজার, নারায়ণগঞ্জ, লক্ষ্মীপুর, গাজীপুর, রাজবাড়ী, দিনাজপুর, রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বংশাল এলাকায় পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদনের অপরাধে মেসার্স মুসলিম পেপার মিলসকে ২,০০০/- (দুই হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শরীফ বিরিয়ানী হাউজকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আমানিয়া বেকারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বুর্সার্স ক্যাফে লিঃ কে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে চট্টগ্রামের বিভিন্ন এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ আলমের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়াস নেতৃত্বে লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জ বাজারে ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার পাঁচশত) টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল নাঈমের নেতৃত্বে দিনাজপুরের পার্বতীপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সাইফুল আলমের নেতৃত্বে রাজশাহীর রাজপাড়া থানায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কৃষ্ণ পদ ঢালীর নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকাসহ ১,৬২,৫০০/- (এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্যহানী ইত্যাদি ঘটানো ও খাদ্যপণ্যের নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১১টি বাজার তদারকিতে ৩৪টি প্রতিষ্ঠানকে মোট ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১ জন অভিযোগকারীকে মং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যা ব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, চট্টগ্রাম, কক্সবাজার, নারায়ণগঞ্জ, লক্ষ্মীপুর, গাজীপুর, রাজবাড়ী, দিনাজপুর, রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, চট্টগ্রাম, কক্সবাজার, নারায়ণগঞ্জ, লক্ষ্মীপুর, গাজীপুর, রাজবাড়ী, দিনাজপুর, রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।